গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
www.gobindaganj.gaibandha.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৩২৩০.০০২.০২.০০২.২৩. ৩৮০

তারিখ: ০৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ২৩ মার্চ ২০২৩ খ্রি.

## ২০ (কুড়ি) একর পর্যন্ত বদ্ধ খাস জলাশয়সমূহের ১৪৩০ - ১৪৩২ বাংলা সনের ইজারা দরপত্র পুন:বিজ্ঞপ্তি

এতদ্বারা গোবিন্দগঞ্জ উপজেলাধীন সকল নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানো যাচ্ছে যে, **সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী** গাইবান্ধা জেলাধীন গোবিন্দগঞ্জ উপজেলার ২০ (কুড়ি) একর পর্যন্ত ৩১ (একত্রিশ) টি বদ্ধ খাস জলমহালসমূহের ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্তসমূহের ভিত্তিতে **ম্যানুয়ালি আবেদন** আহবান করা যাচ্ছে।

## জলমহালের তালিকা

| ক্রঃ নং | জলমহালের নাম | জলমহালের অবস্থান/ ইউনিয়নের নাম | জলমহালের তপশীল | সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | দুধিয়া | সাপমারা | মৌজা- দুধিয়া, জে. এল. নং-১৩৪, খং নং- ০১, দাগ নং- ১১৪৩, জমি- ১.৯৪ একর | ৯৪,৫০০/- | ৫০০/- |
| ২ | পত্তি | সাপমারা | মৌজা- দুধিয়া, জে এল নং- ১৩৪, খং নং-০১, দাগ নং- ১০৭৫, জমি-১.৪৪ একর | ৭৩,৫০০/- | ৫০০/- |
| ৩ | বড়ভেরভেরী | শাখাহার | মৌজা- রোয়াগাঁও, জে এল নং- ২৯, খং নং-০১, দাগ নং-১১৪১, জমি-১.১৮ একর | ৬,৩০০/- | ৫০০/- |
| ৪ | ছামিচাগাড়ী | শাখাহার | মৌজা- আলীগাঁও, জে এল নং- ৪০, খং নং-০১, দাগ নং-২০৫, জমি-২.৭১ একর | ১৩,১২৫/- | ৫০০/- |
| ৫ | ঘোমরাদিঘী | রাজাহার | মৌজা- বরট্ট, জে এল নং- ৫৮, খং নং-০১, দাগ নং- ২৫৭৩, জমি-২.৯১ একর | ১২,৩৩৮/- | ৫০০/- |
| ৬ | বিলকুড়ি | কামদিয়া | মৌজা- পুয়াগাড়ী, জে এল নং-১০, খং নং-০১, দাগ নং- ১৩৩১, জমি- ০.৪৮ একর। | ১০,০৮০/- | ৫০০/- |
| ৭ | কন্যার বিল | সাপমারা | মৌজা- চৌহতপুর, জে এল নং-১২২, খংনং-০১, দাগ নং-১৫৮, জমি- ০.৫৬ একর। | ৫,৮৮০/- | ৫০০/- |
| ৮ | মাস্তা | কামারদহ | মৌজা- কামারদহ, জে এল নং-২৬৬, খং নং-০১, দাগ নং-১৯৪১, জমি- ০.৬৮ একর। | ১৫,১২০/- | ৫০০/- |
| ৯ | জামাল/ মাখাল পুকুর | শাখাহার | মৌজা- আলীগাও, জে এল নং-৪০, খং নং-০১, দাগ নং- ২৮১, জমি- ০.৪০ একর। | ৫,৭৭৫/- | ৫০০/- |
| ১০ | অন্তরাহার | শাখাহার | মৌজা- আলীগাও, জে এল নং-৪০, খংনং-০১, দাগ নং- ১৫০১, জমি- ০.৮৬ একর। | ১১,৫৫০/- | ৫০০/- |
| ১১ | লাভানী পুকুর | শাখাহার | মৌজা- আলীগাও, জে এল নং-৪০, খং নং-০১, দাগ নং- ২৩৯, জমি- ০.৯৫ একর। | ১০,৫০০/- | ৫০০/- |
| ১২ | কাদনী/ কর্নি | গুমানীগঞ্জ | মৌজা- শ্রীপুর, জে এল নং- ৮৮, খং নং-০১, দাগ নং- ১০০, জমি- ০.৯১ একর। | ১১,৫৫০/- | ৫০০/- |
| ১৩ | পুরান পুকুর | গুমানীগঞ্জ | মৌজা- কুন্দখালাসপুর, জে এল নং-৯৩, খং নং-০১, দাগ নং-২২৬, জমি- ০.৫৮ একর। | ১০,৫০০/- | ৫০০/- |
| ১৪ | খাস মহল | গুমানীগঞ্জ | মৌজা-কুন্দখালাসপুর, জে এল নং-৯৩,খং নং-০১,দাগ নং-৩৩৯, জমি- ০.৭২ একর | ১১,৫৫০/- | ৫০০/- |
| ১৫ | বড়খোদাপুর পুকুর | শিবপুর | মৌজা- বড়খোদাপুর, জে এল নং-২১৬, খং নং-০১, দাগ নং- ১১৭, জমি- ০.৩৯ একর। | ৫,৭৭৫/- | ৫০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৬ | শিবচলনার বিল | শাখাহার | মৌজা- রোয়াগাও, জে এল নং-২৯, খং নং-০১, দাগ নং-৭৮৬, জমি- ০.৩০ একর। | ২,২০৫/- | ৫০০/- |
| ১৭ | পাটাধোয়া সুন্দর | শাখাহার | মৌজা- রোয়াগাও, জে এলনং-২৯, খং নং-০১, দাগ নং-৭৫৮/৭০১, জমি- ০.২৭ একর। | ৫,৫৬৫/- | ৫০০/- |
| ১৮ | মহিষ পুকুর | কাটাবাড়ী | মৌজা- আঙ্কুর, জে এল নং-১২৭, খং নং-০১, দাগ নং-৫৭৯, জমি- ০.৮৯ একর। | ১১,৫৫০/- | ৫০০/- |
| ১৯ | সাদিকা | কামদিয়া | মৌজা-তেঘরা, জেএল নং ১৯, খংনং-০১, দাগ নং ১০২৮/১০৩৮, জমি-৩.৪৬ একর। | ৯,৭৫৭/- | ৫০০/- |
| ২০ | হুসকিনির বিল | কাটাবাড়ী | মৌজা-আঙ্কুর, জেএল নং ১২৭, খংনং-০১, দাগ নং-১৪৪৬, জমি-০.৪০ একর। | ৫,৫০০/- | ৫০০/- |
| ২১ | পুকুর | কামদিয়া | মৌজা- তিরোইল, জে এল নং- ৮, খং নং-০১, দাগ নং-১৬০, জমি-০.৫৯ একর। | ২৫,০০০/- | ৫০০/- |
| ২২ | বাগমাড়া | শাখাহার | মৌজা- আলীগাঁও, জে এল নং- ৪০, খং নং-০১, দাগ নং-৬৯৭, জমি-৩.২৮ একর। | ৩০,০০০/- | ৫০০/- |
| ২৩ | তেতুলিয়া | শাখাহার | মৌজা- মাকলাইন, জে এল নং- ৩৩, খংনং-০১, দাগ নং-২২৭, জমি-৩.৭৪ একর। | ২৫,০০০/- | ৫০০/- |
| ২৪ | নামাপুকুর | শাখাহার | মৌজা-মাকলাইন, জেএল নং- ৩৩,খংনং-০১, দাগ নং-১৩৪,৪৪, জমি-৬.০৮ একর। | ৫৫,০০০/- | ৫০০/- |
| ২৫ | শিলাগাড়ী | শাখাহার | মৌজা- আলীগাঁও, জে এল নং- ৪০, খংনং-০১, দাগ নং-১৩০৬, জমি-১.৬৯ একর | ৮,৫০০/- | ৫০০/- |
| ২৬ | গাড়ীয়া | সাপমারা | মৌজা- পন্ডিতপুর, জে এল নং- ৮৬ , খংনং-০১, দাগ নং-৯১, জমি-১.৪৭ একর। | ৫৫,০০০/- | ৫০০/- |
| ২৭ | লাউয়ার পুকুর | শাখাহার | মৌজা- শিহিগাঁও, জে এল নং- ৪৫, খংনং-০১, দাগ নং-২২৬, জমি-০.৪৫ একর। | ৫,৫০০/- | ৫০০/- |
| ২৮ | চেংগাড়ী | শাখাহার | মৌজা- শিহিগাঁও, জে এল নং- ৪৫, খংনং-০১, দাগ নং-২৮১, জমি-০.২৬ একর। | ৩,০০০/- | ৫০০/- |
| ২৯ | পচারিয়ার বিল | রাখালবুরুজ | মৌজা- রাখালবুরুজ, জে এল নং-২৯৯, খংনং-০১, দাগ নং-৭৩১২, জমি- ৬.০৩ একর। | ৩০,০৩০/- | ৫০০/- |
| ৩০ | করকরিয়া | কামদিয়া | মৌজা- দেওতা, জে এল নং-৬০, খংনং-০১, দাগ নং-১০২, জমি- ০.৪৫ একর। | ৫,৭৭৫/- | ৫০০/- |
| ৩১ | কালু | কাটাবাড়ী | মৌজা- কাটাবাড়ী, জে এল নং-১৩৮, খংনং-০১, দাগ নং-৩০,৩৪,৩৫, জমি- ১.১৯ একর। | ৯,২৪০/- | ৫০০/- |

## জলমহাল ইজারা প্রদানের পদ্ধতি

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ১৫ চৈত্র থেকে ২১ চৈত্রের মধ্যে | সিডিউল বিক্রয় | |
| ০২ | ২২ চৈত্র | সীলগালা মুখবন্ধ খামে দরপত্র আবেদনের কপি ও জামানতের মূলকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্সে দাখিল। | |
| ০৩ | ২৩ চৈত্র হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস | প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই। | |
| ০৪ | ২৬ চৈত্রের মধ্যে | উপজেলা জলমহাল কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। | |
| ০৫ | ২৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৬ | ২৮-৩০ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। | |
| ০৭ | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

## শর্তাসমূহ ঃ

১। আগ্রহী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন সমূহকে নির্ধারিত মূল্যে (মূল্য অফেরৎযোগ্য) আবেদনপত্র সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে উল্লিখিত অফিসে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে ।

২। মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন সমূহকে অবশ্যই সমবায়/সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত হতে হবে । কোন অনিবন্ধিত সমিতি জলমহালের জন্য আবেদন করতে পারবে না ।

৩। আবেদন দাখিলে আগ্রহী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠনসমূহকে উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর অনুকুলে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে দাখিলকৃত ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারীকে তার আবেদনের সাথে দাখিল করতে হবে ।

৪। **আবেদন ২২ চৈত্র (০৫/০৪/২০২৩) তারিখ সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ ঘটিকার মধ্যে জামাতনতসহ অন্যান্য কাগজপত্র সীলগালা মুখবদ্ধ খামে এ কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে "আবেদনকৃত জলমহালের নাম" স্পষ্টভাবে বড় অক্ষরে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।**

৫। জলমহালের তালিকা ওয়েবসাইটে (www.gobindaganj.gaibandha.gov.bd, www.acl.gobindaganj.gaibandha.gov.bd) অথবা সহকারী কমিশনার (ভূমি), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৬। আবেদনের সাথে মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিষ্ট্রেশন) এর সত্যায়িত কপি, সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ও ছবি, সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র, প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়ন পত্র, সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে উপজেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র, সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকারনামা, উপজেলা নির্বাহী অফিসার বরারব প্রদেয় জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর কপি, মৎস্যজীবী পরিচয়পত্র (এফআইডি কার্ড) (প্রযোজ্য ক্ষেত্রে), সমিতির গঠণতন্ত্র, সমিতির সভার কার্যবিবরণী, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে), অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে), বিবিধ তথ্যাদি (যদি থাকে) দাখিল করতে হবে ।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠনে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তা হলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন। এ ছাড়া আবেদনকারী মৎস্যজীবী সমিতি/সংগঠন যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমান স্বরূপ উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে । তবে নুতন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না ।

৮। ইজারা গ্রহীতা সমিতিকে ৩০ চৈত্রের মধ্যে নির্ধারিত কোডে ইজারা মূল্য, ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ১০ % আয়কর একযোগে পরিশোধ করে চুক্তি সম্পাদন করতে হবে।

৯। মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্যজীবী সমিতি/সংগঠনের সভাপতি/সম্পাদক বা তাদের লিখিত প্রতিনিধি ব্যতিত অন্য কাহাকেও আবেদনপত্র সরবরাহ করা হবে না ।

১০। ইজারাকৃত জলমহাল কোনভাবেই সাব-লীজ দেয়া যাবে না। জলমহাল ইজারা চুক্তি শর্তসমূহ অথবা জলমহাল সংক্রান্ত বর্তমান সরকারী নীতিমালা, ২০০৯ কোনভাবে লংঘন করা হলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে ।

১১। যার আবেদনপত্র গৃহীত হবে তাকে জলমহাল সংক্রান্ত বর্তমান নিয়মনীতি এবং ভবিষ্যতে সরকার কর্তৃক জারীকৃত সকল আদেশ নির্দেশ মেনে চলতে হবে ।

১২। তালিকায় উল্লেখিত জলমহালসমূহের বিষয়ে বিজ্ঞ আদালতের কোন নির্দেশনা থাকলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যাচাই-বাছাই সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র/আবেদপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩.৩.২৩

মোঃ আরিফ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

**(বি.দ্রঃ ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ এর ০৮-১১-২১ খ্রি. তারিখের ১২০ নং স্মারকের পরিপত্র অনুযায়ী সকল বিষয় নির্ধারিত।)**

স্মারক নম্বর : ০৫.৫৫.৩২৩০.০০২.০২.০০২.২৩. ৬৮০ (১০০)

তারিখ: ০৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ২১ মার্চ ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪, (গোবিন্দগঞ্জ)।

২) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩) জেলা প্রশাসক, গাইবান্ধা।

৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

৫) অফিসার ইনচার্জ, গোবিন্দগঞ্জ থানা, গাইবান্ধা।

৬) ........................................................................................................ অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

৭) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮) চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৯) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................... (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। নোটিশ বোর্ড ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

১০) জনাব........................................................................, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

১১) সম্পাদক, ........................................। তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি ................................ পত্রিকায় এক দিনের জন্য সাশ্রয়ী আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ কার্যালয়ে ০৩(তিন) কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১২) ..................................................................................................................................।

১৩) অফিস কপি।

২১.৩.২৩

মো: আরিফ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা